


১৫/১০/০০

FEB. 5 2001



বই কেলেঙ্কারি : বোর্ড অফিস ঘেরাও, কুশপুতলিকা দাহ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পাঠ্যপুস্তক কেলেঙ্কারির প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল বোর্ড অফিস ঘেরাও, বিক্ষোভ এবং কুশপুতলিকা দাহ করেছে। সর্বদলীয় ছাত্রঐক্য বকশিবাজারের বোর্ড অফিস ঘেরাও করে এবং ছাত্রফ্রন্ট শাহবাগ মোড়ে বিক্ষোভ সমাবেশ ও সালমান এফ রহমানের কুশপুতলিকা দাহ করে। ছাত্রদল আজ মুক্তাঙ্গনে বিক্ষোভ করবে। ছাত্রঐক্যের উদ্যোগে দুপুর ১২টায় মুক্তাঙ্গনে বোর্ড অফিস ঘেরাওপূর্ব সমাবেশ অনুষ্ঠিত হয়। পিএনপি ছাত্রদল সভাপতি মোতাহার হোসেন রাশেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিকু, সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন লাস্ট, এ বি এম মোশাররফ হোসেন, ছাত্র সমাজের সভাপতি ফখরুল ইসলাম শাহজাদা, ছাত্র শিবিরের সভাপতি নূরুল ইসলাম বুলবুল,

আ স ম ফারুক, ছাত্র মজলিশের ইউসুফ আজগর প্রমুখ। বক্তারা পাঠ্যপুস্তক কেলেঙ্কারির জন্য সরকারকে দায়ী করে বলেন, বিচার বিভাগ, আইন বিভাগ ও শাসন বিভাগের ওপর জনগণের আস্থা ধ্বংস করার পর এবার কোমলমতি ছাত্রদের শিক্ষা জীবন ধ্বংস করতেই এ সঙ্কট সৃষ্টি করা হয়েছে। বক্তারা বলেন, নিঃসমানের কাগজে ভুলে ভরা অল্পসংখ্যক যে বইগুলো বাজারে ছড়া হয়েছে তাও বিক্রি হচ্ছে অভ্যস্ত চড়া দামে। নেতৃবৃন্দ অবিলম্বে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেয়ার দাবি জানান। সমাবেশ শেষে তারা মিছিল নিয়ে প্রেসক্লাব, দোয়েল চত্বর হয়ে বোর্ড অফিসের সামনে গিয়ে সমাবেশে মিলিত হন। একই দাবিতে ছাত্রফ্রন্ট গতকাল দুপুরে

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে মিছিল নিয়ে পুস্তক কার্যালয় ঘেরাও করতে যাত্রা করে। শাহবাগ মোড়ে পুলিশ মিছিলটিকে বাধা দিলে সেখানেই তারা সমাবেশ করে। সংগঠনের সভাপতি নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আশরাফ উদ্দিন আকাশ এবং খোকন দাস বক্তব্য রাখেন। বক্তারা বলেন, 'টেলিভিশন-রেডিও ও সাংগঠনিক শক্তির মাধ্যমে শেখ হাসিনা যেমন সত্য-মিথ্যার মিশ্রণে কথা বলে মানুষকে বিভ্রান্ত করেন তেমনি এবারের পাঠ্যপুস্তকেও রয়েছে বিভিন্ন বিষয়ের সংমিশ্রণ।' তারা বলেন, 'আধুনিক শিল্পের নামে সালমান এফ রহমানরা যে দেশের অর্থনীতি ধ্বংস করেন, এবারের পাঠ্যপুস্তক সঙ্কট তারই নমুনা মাত্র।' সমাবেশ শেষে সালমান এফ রহমানের প্রতিকৃতি আঁকা কুশপুতলিকা দাহ করা হয়।